



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

ভূগোল পরিবেশ বিভাগের ১৩তম ব্যাচের নবীনবরণ এবং ৬ষ্ঠ ও ৭ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল পরিবেশ বিভাগের উদ্যোগে ১৩ তম ব্যাচের নবীনবরণ এবং ৬ষ্ঠ ও ৭ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ১৬ এপ্রিল-২০১৮, সোমবার, সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন।

এছাড়াও বক্তব্য প্রদান করেন ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান। নবীনবরণ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ভূগোল ও পরিবেশ বিভাগের প্রভাষক রিফফাত মাহমুদ। অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। এসময় বিভাগীয় শিক্ষক, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শাখার সভাপতি ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।